

- ৫। 'নেশন' বিষয়ে রেনাঁর ভাবনা আধুনিক ভারত রাষ্ট্রের জন্য কতখানি যথাযথ বলে তোমার মনে হয়? ১০
- ৬। উনিশ শতকের বাংলায় জাতীয়তাবাদী চেতনার উন্মেষ ও বিকাশ পর্বেই তার সঙ্গে মিশে ছিল 'ধর্ম' পরিচয়। মন্তব্যটি বিচার করো এবং বিষয়টি তোমাকে কীভাবে ভাবায় তা আলোচনা করো। ১০

অথবা

- ৭। উনিশ শতকের বাংলায় হিন্দু-মুসলমান সম্পর্কের জটিলতা ও অনিশ্চয়তার একটা ফল আমাদের জাতীয়তাবাদী আন্দোলনের গোড়ার পর্বেই জাতীয়তার ধারণার পূর্ণ বিকাশ ঘটতে দেয়নি। মন্তব্যটি বিচার করো ও এই বিষয়ে তোমার মত জানাও। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.৫৪

উনিশ শতক : বিভিন্ন ভাবধারার সংঘাত ও সমন্বয়

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

- ১। আঠারো শতকের থেকে উনিশ শতকের বাংলায় সমাজচিন্তা ও জ্ঞানচর্চার যে বদল হয়েছিল তার ঐতিহাসিক প্রেক্ষিত আলোচনা করো ও তার সামাজিক অভিঘাত সম্পর্কে মন্তব্য করো। ১০
- ২। ঠিক ভুল, ন্যায় অন্যায়, উচিত অনুচিত বিচার করার জন্য জেরেমি বেস্টামের ভাবনা ও পদ্ধতি কি যথার্থ এবং তা কোনো সুস্থ ও আদর্শ সমাজ গড়ার পথ হতে পারে বলে তুমি মনে কর? ১০
- ৩। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'আনন্দমঠ' উপন্যাসে উনিশ শতকের বাংলার জাতীয়তাবাদী ভাবনার এক বিশেষ রূপ প্রকাশ পেয়েছে। মন্তব্যটি বিচার করে এই মত তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য তা জানাই। ১০
- ৪। রবীন্দ্রনাথ 'নেশন কী' প্রবন্ধে যেভাবে 'নেশন'-কে বুঝতে চেয়েছেন তা বিচার করো। প্রসঙ্গত জানাও 'নেশন' শব্দের বাংলা প্রতিশব্দ বিষয়ে রবীন্দ্রনাথের মত তোমার কাছে কি গ্রহণযোগ্য? না কি এ বিষয়ে তোমার নিজের কোনো মত আছে? তোমার বক্তব্য যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১০

অথবা

[Turn over